গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।
www.tahirpur.sunamganj.gov.bd

## নভেম্বর/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: মেহেদী হাসান মানিক,উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও প্রশাসক, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাহিরপুর।
সভার তারিখ : ২৬-১১-২০২৫ সময় : দুপুর- ০১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান জরুরী বিভাগ বহি বিভাগ ও আন্তঃ বিভাগ চিকিৎসা সন্তোষজনক ভাবে পরিচালিত হচ্ছে। তাছাড়া হাসপাতালের যাবতীয় সেবা যথাযথভাবে প্রদান করা হয়েছে। সম্প্রতি হওয়া টিসিভি ক্যাম্পেইন সফল ভাবে সম্পন্ন হয়েছে। লক্ষ্য মাত্রার তুলনায় ১০১.৩ শতাংশ পূরণ হয়েছে। যা এজেলায় ২য় অবস্থানে রয়েছে। মোট টিকা প্রদান করা হয়েছে ৫৮০৬২ জনকে। তার মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে ৩৩৪১৮ জন, কমিউনিটি পর্যায়ে ২৪৬৪৪ জন। পরিবার কল্যাণ কেন্দ্র সেবাদান সুষ্ঠুভাবে চলছে। মা ও শিশু গর্ভবতী মায়েদের চেক আপ, প্রসূতি সেবা কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। মাঠ পর্যায়ে বিভিন্ন কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র চিকিৎসা সেবা চলমান রয়েছে। এ বিষয়ে নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে উপজেলা কমিউনিটি ক্লিনিক সমূহের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধির জন্য নিয়মিত মনিটরিং/ পরিদর্শন অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী বিধি অনুযায়ী উপস্থিতি নিশ্চিত করণসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর। |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে আগামী উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ ও দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আগামী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ ও দাপ্তরিক বিষয়ে সভায় অবহিত করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তাহিরপুরকে, অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |



CamScanner

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। টাংগুয়ার হাওরসহ অন্যান্য হাওর ও বিলে ব্যবহৃত কারেন্ট জাল ও স্থায়ী ফাদ বিশেষ করে চায়না দুয়ারী ফাদসহ অন্যান্য সকল অবৈধ জাল যেন না ফেলা হয় সেই বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বারদের গণসচেতনতা বোধ থাকার বিষয়ে অনুরোধ করা হয়। হাওর অঞ্চলে দেশীয় প্রজাতির মাছ সংরক্ষণে মৎস্য বিষয়ক আইন বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে মৎস্য সম্পদ রক্ষায় প্রয়োজনীয় অভিযান কার্যক্রম নিয়মিত চলমান রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৫ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর উপজেলা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তাছাড়া ১ম শ্রেণী হতে ৫ম শ্রেণী পর্যন্ত চাহিদা মত সকল বই পাওয়া গেছে। উজান তাহিরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বইগুলো সংরক্ষণ করা হয়েছে। নিরাপত্তা জোড়দার করতে ভারপ্রাপ্ত কর্মকর্তা তাহিরপুর থানা মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। আগামী ২১-১২-২০২৫ তারিখ প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর শিক্ষার্থীর মেধা যাচাই পরীক্ষা শুরু হবে। আগামী ২০২৫ খ্রি. হতে উপজেলায় প্রতিটি বাড়িতে গিয়ে শিশু জরিপ করা হবে। | ০২। বিস্তারিত আলোচনান্তে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে সময় সময় সংশ্লিষ্ট বিদ্যালয় পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর ও উপজেলা প্রকৌশলী তাহিরপুর, সংশ্লিষ্ট সকল। |
| ০৬ | **প্রকৌশলী বিভাগ** | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর জানান চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) ও উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের লক্ষে টেন্ডার কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী তাহিরপরকে, অনুরোধ করা হয় | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৭ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান সরকারের নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলো ২৪/৭ ঘন্টা খোলা রয়েছে। সেখানে জরুরী প্রসূতি সেবা ও পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হয়। মা ও শিশুর মৃত্যু হ্রাস করণে সকল ইউনিয়নে মা সমাবেশ করা হচ্ছে। বর্তমানে উপজেলায় সক্ষম দম্পতি ৩৯,৫৯১,পদ্ধতি গ্রহণকারী ২৯,৩২৫, সি.এ.আর ৭৪.০৭%, স্বাভাবিক প্রসব ৭১ জন। বাদাঘাট স্বাস্থ্য ও পরিবার কলণ্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব ৪৬ জন, শ্রীপুর উত্তর ইউনিয়নে ১৪ জন, বালিজুরী ১ জন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা ইউনিয়ন স্বাস্থ্য কল্যাণ ক্লিনিক নিয়মিত পরিদর্শণ অব্যাহত রাখার জন্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। ০২। সংশ্লিষ্ট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সেবাদানের লক্ষে কোন প্রকার জনসাধারণগণকে হয়রানি না করা হয়। এ বিষয় মাঠ পর্যায়ে সুনিশ্চিত করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। যদি কোন প্রকার অভিযোগ পাওয়া যায় তাহলে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৮ | **সমাজসেবা** | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুর সভায় | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের | উপজেলা |

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | বিভাগ | অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | আগামী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ ও দাপ্তরিক বিষয়ে অবহিত করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাহিরপুরের, পক্ষে সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। ২০২৬ সালের পাঠ্য পুস্তক গত ২০-১১-২০২৫ থেকে সংগ্রহ করা শুরু হয়েছে। বর্তমানে শুধু ইবতেদায়ী মাদ্রাসার ১ম ও, ২য় ও ৩য় শ্রেণী বই এসছে। শিক্ষার মান উন্নয়নে বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে শিক্ষারমান উন্নয়নকল্পে যে সকল বিদ্যালয় পরিদর্শণ করা হয়েছে। সে সকল বিদ্যালয়ের পরিদর্শন মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা এবং আগামী উপজেলা পরিষদের মাসিক সভায় পরিদর্শনের তালিকা উপস্থাপন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তাহিরপুর, |
| ১০ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু,স্বাভাবিক ও সমবায় সমিতি আইন ও বিধিমালার আলোকে পরিচালিত হচ্ছে। লক্ষমাত্রা অনুযায়ী সমিতির বার্ষিক অডিট কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং অডিট প্রতিবেদনের নীট লাভের ভিত্তিতে সরকারী রাজস্ব আদায়ের মাধ্যমে কোষাগারে জমা প্রদান করা হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা,তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সভায় জানান দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। তিনি আরও জানান ঋণের চলতি আদায় ৯২%ইতোমধ্যে প্রশিক্ষণের ০৫ টি ব্যাচে সমাপ্ত হয়েছে। ঋণ খেলাপীর পরিমাণ প্রায় ২৪ লক্ষ টাকা। খেলাপী ঋণদের নোটিশ দেওয়া হলেও টাকা আদায় করা যাচ্ছেনা। | বিস্তারিত আলোচনান্তে দ্রুত খেলাপী ঋণ আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর। |
| ১২ | জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর, সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আগামী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ ও দাপ্তরিক বিষয়ে অবহিত করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, তাহিরপুর। |
| ১৩ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তাহিরপুর সভায় জানান অসহায় মানুষদের মধ্যে বিতরণের লক্ষ্যে কম্বল ক্রয়ের জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে কম্বল ক্রয়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এছাড়া ২০২৫-২০২৬ অর্থবছরের কাবিখা/কাবিটা ও টিআর ১ম পর্যায়ের প্রকল্পের আওতায় গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কাজ মাঠে চলমান রয়েছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর |



CamScanner

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চলতি মাসে খেলাপী সদস্যসমূহ হতে ৩.১৭ লক্ষ টাকা খেলাপী ঋণ আদায় করা হয়েছে। অত্র দপ্তর হতে ০৩টি সমবায়ী সমিতির ৩৭ জন সদস্যের মধ্যে মোট ১০.২৮ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে যাদের নিকট বকেয়া রয়েছে জরুরী ভিত্তিতে তাদেরকে তাগিদ পত্র দেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর, |
| ১৫ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তকি কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তাছাড়া বিডব্লিও বি উপকারভোগী মহিলাদের স্ব স্ব নামে তফশিলি ব্যাংকে হিসাব খোলে প্রতিমাসে ২২০/- ( দুইশত বিশ) টাকা জমা রাখার জন্য নির্দেশনা রয়েছে। চাল গ্রহণ করার সময় ব্যাংকের জমা রশিদ সঙ্গে নিয়ে আসতে হবে। এ বিষয়ে প্রতি মাসে প্রতিবেদন পাঠানো যাচ্ছেনা তাই বাধ্যতামূলক হিসাব খোলার জন্য অনুরোধ করা হয়। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট উপকারভোগী নামীয় তফশিলি ব্যাংকে হিসাব খোলার বিষয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারমনকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , তাহিরপুর। |
| ১৬ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বর্তমানে অত্র উপজেলায় ০৭টি ইউনিয়নে আনসার গার্ড রয়েছে। বিভিন্ন আনসার গার্ডগুলো নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। আসন্ন এয়োদশ জাতীয় সংসদ ২০২৬ নির্বাচনে আনসার ও ভিডিপি সদস্য/সদস্যা মোতয়েন করা হবে। প্রশিক্ষণ প্রাপ্ত সদস্যদের রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। আগামী ২১/১১/২০২৫ তারিখ ০৮ (আট) জন আনসার ও ভিডিপি সদস্যকে অস্ত্রসহ আনসার মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করার উদ্দেশ্যে সুনামগঞ্জ আনসার ও ভিডিপি কার্যালয়ে প্রেরেন করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ ২০২৬ নির্বাচনের সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর। |
| ১৭ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, ব্যবস্থাপক তাহিরপুরকে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর |
| ১৮ | বন কর্মকর্তা | উপজেলা বন কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আগামী মাসিক সভায় উপস্থিতি থেকে অনুপস্থিরি কারণ ও দাপ্তরিক বিষয়ে সভায় অবহিত করার জন্য উপজেলা বন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, তাহিরপুর। |



CamScanner

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২০ | ফটোকপি ও কম্পিউটার ক্রয় সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ সুষ্ঠুভাবে পরিচালার নিমিত্ত একটি ফটোকপি মেশিন ও একটি কম্পউটার ক্রয় করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ক্রয় করার জন্য সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ সুষ্ঠুভাবে পরিচালার নিমিত্ত একটি ফটোকপি মেশিন ও একটি কম্পউটার উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে বিধি মোতাবেক ক্রয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |
| ২১ | শিশু পার্ক ইজারা সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান তাহিরপুর শিশু পার্কের অসমাপ্ত কাজ দ্রুত সমাপ্ত করে উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষে ৩ বছরের জন্য ইজারা দেওয়ার জন্য সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা শিশু পার্কের অসমাপ্ত কাজ দ্রুত সমাপ্ত করে উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষে ৩ বছরের জন্য বিধি মোতাবেক ইজারা দেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে ইজারা কৃত অর্থ বিধি মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |

বিশেষ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/১২/২০২৫

মোঃ মেহেদী হাসান মানিক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.২৪-৫৩০ তারিখঃ ০৩ ডিসেম্বর,২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। উপজেলা..............................................কমর্কর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৭। চেয়ারম্যান, ..............................................(সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৮। অফিস নথি/ মাস্টার ফাইল।

০৩/১২/২০২৫

মোঃ মেহেদী হাসান মানিক
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।
E-mail: unotahirpur@gmail.com



CamScanner

সভাপতি: ডাক্তার মো: মেহেদী হাসান মাসুদ, প্রশাসক
সভার তারিখ: ২৬/১১/২৫ সময়: ১১.০০ ঘটিকা
স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

| ক্র: | নাম | পদবী | স্বাক্ষর। |
|---|---|---|---|
| ০১ | ডাক্তার মোঃ মেহেদী হাসান মাসুদ | উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর | |
| ০২ | [illegible] | চেয়ারম্যান তাহিরপুর সদর ইউনিয়ন | [illegible] |
| ০৩ | মোহাম্মদ মুহিবুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর, | [illegible] |
| ০৪ | আলী আহমদ মুরাদ | চেয়ারম্যান-[illegible] | [illegible] |
| ০৫ | আলী হায়দার - | চেয়ারম্যান শ্রীপুর উ: | [illegible] |
| ০৬ | মো: আরিফুল ইসলাম | উপজেলা প্রকৌশলী | [illegible] |
| ০৭ | ডা. মো. শরীফ হোসাইন | মেডিকেল অফিসার | [illegible] 26/11/25 |
| ০৮ | কৃ: [illegible] হোসেন | UWAO | [illegible] ২৬/১১/২৫ |
| ০৯. | কে. এম. মাহমুদুর রহমান | UFO | [illegible] |

| ক্রম | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১০ | মো: মাহমুদুর রহমান | সাধারণ সম্পাদক পল্লী সমাজ, [illegible] চাইল্ড পার্লামেন্ট | [illegible] |
| ১১ | মো. জুয়েল আহমদ | UFPA, উপজেলা প: প: কার্যালয় | [illegible] |
| ১২ | মো: মুখলেছুর রহিম | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | [illegible] |
| ১৩ | আলমা বেগম | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা | [illegible] |
| ১৪ | আশিষ আচার্য্য | উপজেলা সমবায় অফিসার | [illegible] |
| ১৫ | মো: বাবুল মিয়া | চেয়ারম্যান [illegible] বালিজুরী | [illegible] |
| ১৬ | জুয়েল আহমেদ | ইউপি সদস্য, [illegible] পরিষদ | [illegible] |
| ১৭ | দ্বীন ইসলাম | প্যানেল চেয়ারম্যান ৫নং [illegible] | [illegible] |
| ১৮ | সফিকুল ইসলাম | প্যানেল চেয়ারম্যান ৪নং বড়দল ইউ: | [illegible] |
| ১৯ | মো: সোলেমান মিয়া | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | [illegible] |

| | | | |
|---|---|---|---|
| ২০ | অমর চন্দ্র সরকার | ব্যবস্থাপক, বিআরডিবি উপজেলা অফিস | [signature] |
| ২১ | অনন্ত দেবনাথ | [illegible]<br>USEO | [signature] |
| ২২ | অনিল সাহা | JO, Accounts<br>BRDB | [signature] |
| ২৩ | হোসাইন আহমদ মিল্লাত | [illegible] | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |